# দেবহাটা উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-০৮/২০২৩)

www.debhata.satkhira.gov.bd

সভাপতি : জনাব আলহাজ্ব মোঃ মুজিবর রহমান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা

তারিখ : ২৭ সেপ্টেম্বর' ২০২৩, বুধবার

সময় : বেলা ১১:০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দেবহাটা, সাতক্ষীরা।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানান এবং দিনের কর্মসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের কর্মসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয় ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত আগষ্ট/২০২৩ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদনের জন্য প্রস্তাব রাখা হয়। | আগষ্ট/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা । |
| ০২ | স্থায়ী কমিটি সমূহের সভা | স্থায়ী কমিটিসমূহের সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ বিধিমোতাবেক নিয়মিতভাবে সভা আহ্বান করবেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য সচিবগণ এবং সংশ্লিষ্ট সকল। |
| ০৩ | উপজেলা প্রকৌশল দপ্তর : | | | |
| | "জয় সেট সেন্টার" স্থাপন | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্মারক নং-৪৬.০২.০০০০.৯০৩.১৮.০০২.২০২০-২৪১ তারিখ: ১৯/০৯/২০২৩ খ্রিঃ মূলে প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা মহোদয় উপজেলা পরিষদে "জয় সেট সেন্টার" এর ভিত্তিপ্রস্তর স্থাপনের জন্য নির্দেশনা দিয়েছেন। ভিত্তিপ্রস্তর তৈরী ও স্থাপনের জন্য ১০,০০০/- টাকা প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় উল্লেখিত ব্যয় বিল ভাউচারের মাধ্যমে সমন্বয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, দেবহাটা,সাতক্ষীরা। |
| | KDRIDP এর আওতায় কুলিয়া গরুমারা-সুবর্ণাবাদ হাট ভায় হালদার বাড়ি সড়ক (চেইঃ ০০-১৭৭৫ মিঃ) কাজ বাস্তবায়ন প্রসংগে। | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, KDRIDP এর আওতায় কুলিয়া গরুমারা- সুবর্ণাবাদ হাট ভায়া হালদার বাড়ি সড়কটি বাস্তবায়নকালে জায়গা জমি সংক্রান্ত সমস্যার কারণে চেইঃ ০০-১০০০ মিঃ সড়ক উন্নয়ন কাজ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। অবশিষ্ট চেইঃ ১০০০-১৭৭৫ মিঃ উন্নয়ন কাজ করা হবে মর্মে সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ০৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ০১। ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা-খাদ্যশস্য/নগদঅর্থ) কর্মসূচীর আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে দেবহাটা উপজেলায় ০৭টি প্রকল্পের অনুকূলে =৩৩,৭৫,০০০/- টাকা, ০৫টি প্রকল্পের অনুকূলে ১৫.৭৫০ মেঃটন চাউল এবং ০১টি প্রকল্পের অনুকূলে ১৫.৭৫০ মেঃ টন গম বরাদ্দ পাওয়া যায়। সর্বমোট ১৩টি প্রকল্পের অনুকূলে ৫০% অর্থ ও খাদ্য শস্য ছাড় করা হয়েছে। কাজের অগ্রগতি ৩০%। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০২। ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর-নগদ অর্থ) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে দেবহাটা উপজেলায় ৪১টি প্রকল্পের অনুকূলে ২৮,৭০,৮৩৩/- টাকা বরাদ্দ পাওয়া যায়। ৪১টি প্রকল্পের অনুকূলে ৫০% অর্থ ছাড় করা হয়েছে। কাজের অগ্রগতি ৩০%।<br>০৩। ২০২৩-২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা-খাদ্যশস্য/নগদঅর্থ) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী সাধারণ খাতে ১ম পর্যায়ে ২৪টি প্রকল্পের অনুকূলে ৫১,১৪,০২৮/২০ টাকা খাদ্য শস্য খাতে ০৬টি প্রকল্পের অনুকূলে ২৪.৬৭২৮ মেঃটন চাউল ও ০৬টি প্রকল্পের অনুকূলে ২৪.৬৭২৮ মেঃটন গম বরাদ্দ পাওয়া যায়। জেলা কার্যালয় হতে প্রকল্পের অনুকূলে (খাদ্য শস্য/ নগদ অর্থ) চুড়ান্ত অনুমোদন পাওয়া গেছে। প্রকল্পের অনুকূলে (খাদ্য শস্য/ নগদ অর্থ) ছাড়করণ প্রক্রিয়াধীন।<br>০৪। ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী সাধারণ খাতে ১ম পর্যায়ে ৪৬টি প্রকল্পের অনুকূলে ৪০,৪৬,৩০৯/৭৬ টাকা বরাদ্দ পাওয়া যায়। জেলা কার্যালয় হতে প্রকল্পের অনুকূলে চুড়ান্ত অনুমোদন পাওয়া গেছে। প্রকল্পের অনুকূলে টাকা ছাড়করণ প্রক্রিয়াধীন।<br>৫। ২০২১-২২ অর্থ বছরে (২য় পর্যায়ে) বাস্তবায়িতব্য অস্বচ্ছল বীরমুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় দেবহাটা উপজেলায় ২৮ জন অস্বচ্ছল বীরমুক্তিযোদ্ধাদের বীরনিবাস বাস্তবায়ন এর জন্য লাটারীর মাধ্যমে ০৪টি প্যাকেজে ০৪জন ঠিকাদার নির্বাচিত হয়েছে। কার্যক্রম চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৫%।<br>এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বহিঃ বিভাগের মাধ্যমে কমিউনিটি ক্লিনিকে ১২৮৫৪ জন এবং হাসপাতাল বহিঃ বিভাগে ৫৩০৮ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। জরুরী বিভাগে ভর্তির মাধ্যমে ৩৫৬ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। প্রসুতি সেবার মধ্যে নরমাল ডেলিভারী ১৮ জন, সিজারিয়ান ডেলিভারী ৩ জন। রেডিওগ্রাফার না থাকায় এক্স-রে মেশিনটি সচল করা সম্ভব হচ্ছে না। এ ছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয় । | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |
| ০৬ | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলতি রোপা আমন মৌসুমে ৫৪৮০ হেঃ জমিতে উফসী জাতের ধান রোপন সম্পন্ন হয়েছে। অত্র উপজেলার ৫টি ইউনিয়নের বিভিন্ন ব্লকে আমন ধান ক্ষেতে পার্চিং করার জন্য কৃষকদের উদ্বুদ্ধকরণের জন্য লাইফ পার্চিং (ধৈঞ্চা গাছ লাগানো) ও ডেড পার্চিং (ডাল পালা ও কুঞ্চী পুতে দেওয়া) জন্য মাঠ পর্যায়ে উপ সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে পরামর্শ কার্যক্রম চলমান আছে।<br>মাঠে বর্তমানে রোপা আউশ ধান কর্তন কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া আগাম শীতকালিন সবজী উৎপাদনের | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, দেবহাটা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | লক্ষ্যে কৃষকদের উদ্বুদ্ধকরণ করা হচ্ছে। রাসায়নিক কীটনাশক ও বিষমুক্ত সবজী উৎপাদনের লক্ষ্যে নওয়াপাড়া ও সখিপুর ইউনিয়নের ০৩টি গ্রামে ২ হেক্টর জমিতে বেগুনের ক্ষেতে ফেরোমন ট্রাফ স্থাপন করা হয়েছে।<br>এছাড়া প্রনাদোনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূলে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হবে।<br>উপজেলা সারের মজুদ সন্তোষজনক। ইউরিয়া ৪৭০ মে.টন, টিএসপি ১৩৩ মে.টন, ডিএপি ২০০ মে.টন, এমওপি ১৭৫ মে.টন, এনপিকে ০৩ মে.টন, জিপসাম ১৪ মে.টন, দস্তা ০৩ মে.টন মজুদ রয়েছে। | | |
| ০৭ | উপজেলা মৎস্য দপ্তর | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, দেবহাটা উপজেলার কুলিয়া মাছ বাজারে ও পারুলিয়া মাছ বাজারে ফরমালিনের উপস্থিতি সনাক্তকরণের জন্য ফরমালিন পরীক্ষা করা হয়। পরীক্ষায় ফরমালিনের উপস্থিতি পাওয়া যায়নি।<br>গত ১৭/০৮/২০২৩ তারিখে পোনা অবমুক্ত কার্যক্রম/২০২৩ এর আওতায় অত্র উপজেলার ২৭টি প্রাতিষ্ঠানিক জলাশয়ে ৪০০ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়েছে।<br>বিগত মাসে মাটি ও পানি পরীক্ষা করে (মাটির $P^H$ এবং পানির $P^H$, অক্সিজেন, লবণাক্ততা, $NH_3$, তাপমাত্রা ও হার্ডনেস) ৩৪ জন মৎস্য চাষীকে মৎস্য চাষ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দেবহাটা। |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |
| ০৯ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দেবহাটা। |
| ১০ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দেবহাটা। |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,<br>১) মুজিববর্ষের বৃক্ষরোপন কার্যক্রম ও শিক্ষা প্রতিষ্ঠান পরিস্কার ও পরিচ্ছন্ন অভিযান চলমান রয়েছে।<br>২) PBGSI পারফরমেন্স বেজড গ্রান্টস ফর সেকেন্ডারী ইনস্টিটিউশিন (পিবিজিএসআই) স্কীম এর আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য সংগ্রহ পূর্বক প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>৩) ডেঙ্গু বিস্তার রোধে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সরেজমিনে মনিটরিং এর কাজ চলমান রয়েছে।<br>৪) বঙ্গবন্ধুর শান্তিপদক প্রাপ্তির জুলিও কুরি স্মারক ডাকটিকেট বিতরণ পূর্বক মাষ্টাররোল কপি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট প্রেরণ করা হয়েছে।<br>৫) মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাষ্টের বাস্তবায়োনাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেবহাটা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সঠিক তথ্য সংগ্রহের কাজ চলমান আছে।<br>৬) ২০২৩ সালের এইচ.এস.সি ও সমমান পরীক্ষা ২১/০৯/২০২৩ তারিখ হতে শেষ হয়েছে। এ বছরে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৬৪৭ জন।<br>৭) আমার চোখে বঙ্গবন্ধু বিষয়ক ১ মিনিটের ভিডিও চিত্র সংগ্রহ সম্পন্ন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১২ | উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কর্মচারী স্বল্পতার কারণে দাপ্তরিক কার্যক্রম ব্যহত হচ্ছে। দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম তাকে নিজেই করতে হচ্ছে। এছাড়া বিভিন্ন বিদ্যালয় পরিদর্শন ও মিটিং এ যোগাদানের সময় তার দপ্তরে উপস্থিত থাকারমত কোন কর্মচারী বর্তমানে নাই। এজন্য তিনি উর্দ্ধতন কর্তপক্ষের নিকট জানিয়েছেন। এছাড়া<br>উপজেলার কয়েকটি বিদ্যালয়ে সীমানা প্রাচীর নির্মাণের কাজ চলমান আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, সীমানা প্রাচীর দেয়ার আগে সঠিকভাবে সীমানা নির্ধারণ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দেবহাটা। |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৩-২৪ চক্রের ২৫২৪ জন উপকারভোগীর মাঝে জুলাই-২৩ ও আগষ্ট-২০২৩ মাসের খাদ্যশস্য বরাদ্দ না থাকায় বিতরণ ও মনিটরিং করা হয়নি।<br>মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থবছরের ০৫টি ইউনিয়নের আগষ্ট/২৩ মাসে ১৬ জন উপকারভোগীর তালিকা উপজেলা কমিটি ও অনলাইনে চুড়ান্ত অনুমোদন করা হয়েছে।<br>কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ০৫টি ক্লাবের ক্লাস যথারীতি চলছে। ক্ষুদ্র ঋণ আদায় যথাযথভাবে চলছে। আদায়ের হার ১০০%। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দেবহাটা। |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা ১৪টি ব্যাচে মোট ৪২০ জন। আগষ্ট/২৩ মাসে ০১টি ব্যাচে ৩০জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩৩,০০,০০০/- টাকা। আগষ্ট/২৩ মাসে ২২ জনকে ঋণ বিতরণ করা হয়েছে। বিতরণের পরিমাণ ৯,৭০,০০০/- টাকা।<br>আত্মকর্মসংস্থান কর্মসূচির আদায়যোগ্য ঋণের পরিমাণ ২,০৪,৩০০/- টাকা, আদায়কৃত ১,৯২,২৮০/- টাকা, আদায়ের হার ৯৭%। চলমান কিস্তি খেলাপী ১২,০২০/- টাকা। এছাড়া তার দাপ্তররিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশল সভায় জানান যে, সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে প্রাপ্ত গভীর নলকূপ স্থাপনের কাচ চলমান আছে। PEDP-4 প্রকল্পে ৫টি ও NNGPS প্রকল্পের ৩টি এবং GPS প্রকল্পের আওতায় ১টি ওয়াশ ব্লকের ৯৫% কাজ অগ্রগতি হয়েছে। মুজিবর বর্ষের ঘরে | বিধিমোতাবেক সকল কার্যক্রম পরিচালনার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দেবহাটাকে অনুরোধ করা হয় | উপ-সহকারী প্রকৌশলী, দেবহাটা, সাতক্ষীরা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পানি উৎস স্থাপনের কাজ ৯৫% অগ্রগতি হয়েছে। এছাড়া তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১৬ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | **ক) দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা :**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়ন পর্যায়ে প্রাকৃতিক দূর্যোগ রোধ, নারী ও শিশু পাচার এবং নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ রোধের লক্ষ্যে জনসচেতনতামূলক কাজ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণে পুলিশকে সহযোগিতা করার কাজ চলমান আছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) বিধি মোতাবেক সকল সম্পন্ন করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, দেবহাটা। |
| | | **খ) উপজেলা আনসার ভিডিপি ভবন নির্মাণ সংক্রান্ত :**<br>উপজেলা আনসার ভিডিপি ভবন নির্মাণের স্থান নির্বাচনের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের পার্শ্বে ফাকা জায়গায় ১০ কাঠা জমির মধ্যে আনসার ভিডিপি ভবন নির্মাণ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উল্লেখিত জায়গায় আনসার ভিডিপি ভবনটি নির্মাণের জন্য সকলে একমত পোষণ করেন। | খ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের পার্শ্বে ফাকা জায়গায় ১০ কাঠা জমির মধ্যে আনসার ভিডিপি ভবন নির্মাণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট সকল। |
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালিত হচ্ছে। | বিধি মোতাবেক সকল সম্পন্ন করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দেবহাটা। |
| ১৮ | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র এর প্রতিনিধি সভায় জানান যে, নার্সারীতে মজুদ চারার পরিচর্যাসহ বিভিন্ন সনে সৃজিত বাগানের গাছ উপকারভোগী সদস্যদের মাধ্যমে রক্ষনাবেক্ষণ কাজ চলমান। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল সম্পন্ন করার জন্য ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, দেবহাটা কে অনুরোধ করা হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, দেবহাটা |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ দপ্তর : | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা সভায় জানান যে, পারুলিয়া সরকারি খাদ্য গুদামে ৩৭.০০০ মেঃটন ধান, ৬৯৯.৩৬১ মেঃটন চাউল এবং ৪৩.৭৩৪ মেঃ টন গম মজুদ আছে। ওএমএস এর মাধ্যমে টি সি বি এর চাউল দেওয়াসহ বিভিন্ন খাতে খাদ্য শস্য বিলিবিতরণ ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল সম্পন্ন করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |
| ২০ | উপজেলা পরিষদের সম্মানী, মজুরী, আপ্যায়ন স্টেশনারী, জীপ গাড়ির জ্বালানী, ও অন্যান্য খরচ (পরিশিষ্ট-ক) | আগষ্ট/২০২৩ মাসে উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী, কর্মচারীদের দৈনিক মজুরী, আপ্যায়ন, স্টেশনারী, জীপ গাড়ির জ্বালানী এবং অন্যান্য ব্যয় সংশ্লিষ্ট অফিস সহকারী উপস্থাপন করেন (পরিশিষ্ট-ক)। সভায় এ গুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং অভিমত ব্যক্ত করা হয় যে, এগুলি উপজেলা পরিষদের নিয়মিত ব্যয় যা অনুমোদন করা যায়। | উপর্যুক্ত বিষয়ে উপস্থাপিত বিল/ভাউচার (পরিশিষ্ট-ক) সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অগ্রিম প্রদানকৃত বিল সমন্বয় করতে হবে এবং বকেয়া বিল পরিশোধ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট সকল। |
| ২১ | বিবিধ | **ক) উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামত বিল প্রদান সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপ গাড়িতে ত্রুটি দেখা দেওয়ায় চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা মোতাবেক জীপ গাড়িটি মেরামত করা হয়েছে। উক্ত কাজের বিল পরিশোধের জন্য পরিষদের জীপ চালক বিল ভাউচারসহ একটি আবেদন দাখিল করেছেন। আবেদন ও বিল ভাউচার সভায় উপস্থান করা হয়। বিল ভাউচার অনুয়াযী দেখা যায় গাড়ি মেরামত বাবদ=২৪,৫০০/- টাকা ব্যয় হয়েছে। বিলটি পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা | বিস্তারিত আলোচনান্তে পরিষদের জীপ গাড়ি মেরামত বিলটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ণ) অনুচ্ছেদে উল্লেখিত মেরামত খাত হতে পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চেয়ারম্যান মহোদয় অনুরোধ জানিয়েছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ণ) অনুচ্ছেদে উল্লেখিত খাতের বরাদ্দ হতে বিলটি পরিশোধের জন্য সকলে একমত পোষণ করেন। | | |
| | | **খ) উপজেলা পরিষদের জীপ গাড়ির নতুন ব্যাটারী ক্রয় বিল প্রদান সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপ গাড়ির ব্যাটারী নষ্ট হয়ে যাওয়ায় ঠিকমত স্টার্ট না হওয়ায় চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা মোতাবেক জীপ গাড়ির জন্য নতুন ব্যাটারী ক্রয় করা হয়েছে। ব্যাটারী ক্রয় বিল পরিশোধের জন্য পরিষদের জীপ চালক বিল ভাউচারসহ একটি আবেদন দাখিল করেছেন। আবেদন ও বিল ভাউচার সভায় উপস্থান করা হয়। বিল ভাউচার অনুযায়ী দেখা যায় ব্যাটারী ক্রয় বাবদ =১২,৫০০/- টাকা ব্যয় হয়েছে। বিলটি পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় অনুরোধ জানিয়েছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ণ) অনুচ্ছেদে উল্লেখিত খাতের বরাদ্দ হতে বিলটি পরিশোধের জন্য সকলে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে পরিষদের জীপ গাড়ির নতুন ব্যাটারী ক্রয় বাবদ বিলটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ণ) অনুচ্ছেদে উল্লেখিত মেরামত খাত হতে পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |
| | | **গ) উপজেলা পরিষদের এসি সার্ভিসিং ও গ্যাস চার্জ বিল প্রদান সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা চেয়ারম্যান অফিসের দুটি এসি সার্ভিসিং করা হয়েছে এবং গ্যাস চার্জ করা হয়েছে। এ বাবদ মোট ১২,১৫০/- টাকা ব্যয় হয়েছে। বিলটি পরিশোধের জন্য উপজেলা পরিষদের সি এ বিল ভাউচারসহ একটি আবেদন দাখিল করেছেন। সভায় বিল ভাউচার উপস্থাপন করা হয়। বিল পরিশোধের জন্য উপজেলা চেয়ারম্যান অনুরোধ জানিয়েছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ছ) অনুচ্ছেদে উল্লেখিত আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাতের বরাদ্দ হতে বিলটি পরিশোধের জন্য সকলে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে পরিষদের দুটি এসি সার্ভিসিং ও গ্যাস চার্জ বাবদ ১২,১৫০/- টাকার বিলটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ছ) অনুচ্ছেদে উল্লেখিত আসবাবপত্র সংগ্রহ/ মেরামত খাত হতে পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |
| | | **ঘ) উপজেলা পরিষদের কম্পিউটার মেরামত এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহৃত ল্যাপটপের ব্যাটারী ক্রয় বিল প্রদান সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের দাপ্তরিক কাজের জন্য ব্যবহৃত কম্পিউটারটি নষ্ট হয়ে যাওয়ায় প্রয়োজনীয় এক্সেসরিজ ক্রয় করে মেরামত করা হয়েছে এবং নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহৃত ল্যাপটপের ব্যাটারী নষ্ট হয়ে যাওয়ায় নতুন ব্যাটারী লাগানো হয়েছে। এ বাবদ মোট ১৭,৪০০/- টাকা ব্যয় হয়েছে। বিলটি পরিশোধের জন্য উপজেলা পরিষদের সি এ বিল ভাউচারসহ একটি আবেদন দাখিল করেছেন। আবেদন ও বিল ভাউচার সভায় উপস্থাপন করা হয়। উপজেলা চেয়ারম্যান বিলটি পরিশোধের জন্য অনুরোধ | বিস্তারিত আলোচনান্তে কম্পিউটার মেরামত ও ল্যাপটপের ব্যাটারী ক্রয় বাবদ ১৭,৪০০/- টাকার বিলটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ঞ) অনুচ্ছেদে উল্লেখিত অফিস সরঞ্জামাদি রক্ষনাবেক্ষন/মেরামত খাত হতে পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জানিয়েছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ঞ) অনুচ্ছেদে উল্লেখিত অফিস সরঞ্জামাদি রক্ষনাবেক্ষ/মেরামত খাতের বরাদ্দ হতে বিলটি পরিশোধের জন্য সকলে একমত পোষণ করেন। | | |
| | | **ঙ) উপজেলা পরিষদের জীপ গাড়ি নং সাতক্ষীরা-ক-০০০৮ গাড়িটি অকেজো ঘোষণা সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপ গাড়ি নং সাতক্ষীরা-ক-০০০৮ গাড়িটি ব্যবহার অনুপযোগি হওয়ায় দীর্ঘদিন যাবত পরিষদের গ্যারেজে পড়ে আছে। গাড়ির বডিতে মরিচা ধরেছে এবং টায়ারগুলো পচে নষ্ট হয়ে গেছে। বর্তমানে উপজেলা পরিষদের নতুন গাড়িটি ব্যবহার হচ্ছে এজন্য গ্যারেজে পড়ে থাকা দীর্ঘদিনের ব্যবহার অনুপযোগি গাড়িটি অকেজো ঘোষণা করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদের দীর্ঘদিনের পুরাতন জীপ গাড়িটি (সাতক্ষীরা-ক-০০০৮) অকেজো ঘোষণার জন্য সকলে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের দীর্ঘদিনের পুরাতন জীপ গাড়ি নং সাতক্ষীরা-ক-০০০৮ গাড়িটি অকেজো ঘোষণার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |
| | | **চ) উপজেলা পরিষদের জীপ গাড়ির ট্যাক্স টোকেন ও ফিটনেস সার্টিফিকেট নবায়ন :**<br>উপজেলা নির্বাহ অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপ গাড়ির ট্যাক্সটোকেন ও ফিটনেস সার্টিফিকেট ২০২০ সাল পর্যন্ত নবায়ন করা ছিল। বর্তমানে ২০২৪ সাল পর্যন্ত নবায়ন করা প্রয়োজন। এ বিষয়ে সাতক্ষীরা বিআরটিএ অফিস থেকে মোট ব্যয়ের একটি তালিকা পাওয়া গেছে। তালিকা অনুযায়ী ২০২৪ সাল পর্যন্ত নবায়ন বাবদ মোট ব্যয় ৭৬,১৯৭/- টাকা। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নবায়ন ফি পরিশোধের জন্য সকলে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জীপ গাড়ির ট্যাক্স টোকেন ও ফিটনেস ২০২১ সাল হতে ২০২৪ সাল পর্যন্ত নবায়নের জন্য রাজস্ব তহবিল হতে মোট ৭৬,১৯৭/- টাকার নবায়ন ফি পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |
| | | **ছ) উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে মাসিক সভাসহ অন্যান্য সভায় আপ্যায়নের জন্য ক্রোকারিজ ক্রয় সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে বিভিন্ন মাসিক সভাসহ অন্যান্য সভায় আপ্যায়নের জন্য কিছু ক্রোকারিজ ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং ৫০টি রাইচ প্লেট, ৫০টি হাফ প্লেট, ৫০টি কাপ প্রিজ ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বাবদ মোট ভ্যাটসহ ২৪,০০০/- টাকা ব্যয় হবে। বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ছ) অনুচ্ছেদে উল্লেখিত আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত হতে পরিশোধের জন্য সকলে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ছ) অনুচ্ছেদে উল্লেখিত আসবাবপত্র সংগ্রহ/ মেরামত খাত হতে উক্ত ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |
| | | **জ) উপজেলা পরিষদের মরা গাছ দিয়ে রূপসী ম্যানগ্রোভের ট্রেইল নির্মাণ এবং মেহগনি গাছ দিয়ে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ও উপজেলা পরিষদের আসবাবপত্র নির্মাণ সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের মরা গাছ দিয়ে রূপসী ম্যানগ্রোভের ট্রেইল নির্মাণ করা হবে এবং মেহগনি গাছ দিয়ে উপজেলা | বিস্তারিত আলোচনান্তে মরা গাছ দিয়ে রূপসী ম্যানগ্রোভের ট্রেইল নির্মাণ এবং মেহগনি গাছ দিয়ে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ও উপজেলা পরিষদের আসবাবপত্র নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ও উপজেলা পরিষদের আসবাবপত্র নির্মাণ করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রস্তাবে সকলে একমত পোষণ করেন। | | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**আলহাজ্ব মৌঃ মুজিবর রহমান**
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।

স্মারক নম্বর-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২৩- ৯৪৭(১)

তারিখ: ২৭.০৯.২০২৩ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। অধ্যাপক ডাঃআ.ফ.ম রুহুল হক, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-৩ ও সভাপতি, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
০৬। উপজেলা ..................................................কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
০৭। চেয়ারম্যান, .....................................ইউপি (সকল), দেবহাটা, সাতক্ষীরা।
০৮। জনাব ...............................................................................সদস্য, উপজেলাপরিষদ সাধারণ সভা, দেবহাটা, সাতক্ষীরা।

**মোঃ হুমায়ুন রহমান**
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
মোবা: ০১৭৭১-১১২২৪৫
ই-মেইল: unodebhata@mopa.gov.bd

# ২০ এর পরিশিষ্ট-ক

| ক্রমিক | বিলের বিবরণ | টাকার পরিমাণ | খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা চেয়ারম্যান এর আগষ্ট/২০২৩ মাসের সম্মানী ও বাসাভাড়া ভাতা প্রদান | ৪৫,০০০/- টাকা | সম্মানী প্রদান খাত | |
| ০২ | উপজেলা ভাইস চেয়ারম্যান এর আগষ্ট/২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান। | ২৭,০০০/- টাকা | সম্মানী প্রদান খাত | |
| ০৩ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর আগষ্ট/২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান। | ২৭,০০০/- টাকা | সম্মানী প্রদান খাত | |
| ০৪ | উপজেলা পরিষদের জীপ গাড়ির আগষ্ট/২০২৩ মাসের জ্বালানী বিল প্রদান | ২৩,৫৮৭/- টাকা | জ্বালানী | |
| ০৫ | উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের আগষ্ট/২০২৩ মাসের আপ্যায়ন বিল | ৩০,০০০/- টাকা | আপ্যায়ন | |
| ০৬ | উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের আগষ্ট/২০২৩ মাসের স্টেশনারী/আনুসাঙ্গিক বিল | ৫,০০০/- টাকা | স্টেশনারী | |
| ০৭ | উপজেলা পরিষদের মালী আহছানুজ্জামান এর আগষ্ট/২০২৩ মাসের মজুরী প্রদান (৩০দিন×৫৫০/-) | ১৬,৫০০/- টাকা | কর্মচারীদের মজুরী প্রদান খাত | |
| ০৮ | উপজেলা পরিষদের পরিচ্ছন্নতা কর্মী হেলেনা খাতুন এর আগষ্ট/২০২৩ মাসের মজুরী প্রদান (৩০দিন×৫৫০/-) | ১৬,৫০০/- টাকা | কর্মচারীদের মজুরী প্রদান খাত | |

মোঃ ইয়ানুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।

আলহাজ্ব মোঃ মুজিবর রহমান
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।